

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি  
পারনান্দুয়ালী, মাগুরা।

টেলিফোন -

অফিস - ০২-৪৭৭৭১০৭৪৪

মোবাইল - ০১৭৬৯-৪০০০৪৬

ফ্যাক্স নং - ০৪৮৮-৬২০৫৮

ই মেইল- magurapbs\_gm@yahoo.com



স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০১.০৩৮.২৩.২২১৪

তারিখ- ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বাং  
১১/০৬/২০২৩ ইং

**বিষয়ঃ টায়ার সরবরাহের (RFQ) দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা ও শর্তানুযায়ী ডাবল কেবিন ও সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ির টায়ার সরবরাহের জন্য বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী / সরবরাহকারী/উৎপাদনকারী/বিক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।


ক্রঃ নং	দরপত্র নং	মালামালের স্পেসিফিকেশন / বিবরণ/ মডেল	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
				একক মূল্য	মোট মূল্য
০১	জি-২২-২৩.৫১.২৫-০০১	ডাবল কেবিন পিক-আপ গাড়ীর টায়ার DUNLOP 265/65 R17 ORIGINAL (JAPAN).	০৫টি		
		সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ীর DUNLOP - 215/80 R15 ORIGINAL (JAPAN).	০৫টি		
				মোট=	

(কথায়ঃ.....)

**শর্তাবলীঃ**


- ০১। দরপত্র সমূহ আগামী ২০/০৬/২০২৩ ইং তারিখ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, ঢাকা- ১২২৯। (খ) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্রসমূহ ৩ দিনই অর্থাৎ ২০/০৬/২০২৩ ইং তারিখ দুপুর ১১:০৫ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (খ) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপরে “ডাবল কেবিন ও সিঙ্গেল কেবিন পিক-আপ গাড়ির টায়ার সরবরাহের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডের মাধ্যমে সীলগালা ব্যবহার পূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সীল দ্বারা সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৬। মালামালসমূহ উপরে বর্ণিত বর্ণনা অনুযায়ী হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুণগত মান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামাল গুণগত মানসম্পন্ন না হলে সমিতি কর্তৃক কোন ক্রমেই গ্রহণ করা হবে না।
- ০৭। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

- ০৮। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশি করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে / ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ১০। মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১১। উল্লিখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(স্বদেশ কুমার ঘোষ)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমবিন্যাসে নয়) বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

- ১। মাননীয় জেলা প্রশাসক, মাগুরা।
- ২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পুলিশ সুপার, মাগুরা।
- ৪। নির্বাহী প্রকৌশলী এল,জি,ই,ডি/সওজ/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, (এসওডি) বাপবিবো, ঝিনাইদহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার মাগুরা সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পবিস ১/২/৩/৪
- ৮। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি) মাগুরা পবিস।
- ৯। এজিএম অর্থ/পওর(সদর,আড়পাড়া,মহম্মদপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ১১। এজিএম (আইটি), মাগুরা পবিস (সমিতি ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রদানের জন্য)।
- ১২। মেসার্স-----
- ১২। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।

  
(স্বদেশ কুমার ঘোষ)  
জেনারেল ম্যানেজার